



গানম্যান নয়, বিচারহীনতাই রাজনীতিবিদদের জন্য বড় হুমকি: আখতার হোসেন



সংগৃহীত ছবি

রাজনীতিবিদদের নিরাপত্তা শুধু গানম্যান দিয়ে নিশ্চিত করা যায় না খুনিরা যদি শাস্তির বাইরে থেকে যায়, তাহলে নিরাপত্তা ব্যবস্থা অর্থহীন হয়ে পড়ে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির সদস্য সচিব আখতার হোসেন। তিনি বলেন, বর্তমান পরিস্থিতিতে শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের পরিবেশ তৈরি হয়নি এবং এ অবস্থা থেকে বের হতে সরকারকে কার্যকর উদ্যোগ নিতে হবে।

বুধবার (২৫ ডিসেম্বর) বিকেলে রংপুর মহানগরীর ৩৬ জুলাই স্মৃতি স্তম্ভ এলাকায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। এর আগে তিনি নির্বাচনী আসন-৪ এলাকায় প্রচার-প্রচারণা ও দলীয় কর্মসূচিতে অংশ নিতে বিমানযোগে রংপুরে পৌঁছান এবং পরে স্মৃতি স্তম্ভে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন।

আখতার হোসেন বলেন, সরকার অনেক রাজনীতিবিদকে গানম্যান দেওয়ার ঘোষণা দিলেও মূল সমস্যা থেকে যাচ্ছে বিচারহীনতা। ওসমান হাদির হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে তিনি বলেন, খুনিরা যদি ধরাছোঁয়ার বাইরে থাকে, তাহলে নিরাপত্তা ব্যবস্থার ওপর জনগণের আস্থা তৈরি হয় না।

মানুষ হত্যার পর অপরাধীদের শাস্ত ও গ্রেপ্তার করতে ব্যর্থ হওয়াকে অত্যন্ত উদ্বেগজনক উল্লেখ করে তিনি বলেন, তিন বাহিনীর প্রধানরা নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করার পরও যদি ককটেল হামলায় একজনকে হত্যা করা সম্ভব হয় এবং ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করা না যায়, তাহলে সেটি রাষ্ট্র ও সমাজ—উভয়ের জন্যই দুঃখজনক।

বর্তমান রাজনৈতিক বাস্তবতায় শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর সম্ভব নয় বলেও মন্তব্য করেন আখতার হোসেন। তার ভাষায়, বাংলাদেশকে স্থিতিশীল রাখতে এবং গণতান্ত্রিকভাবে ক্ষমতা হস্তান্তরের পরিবেশ তৈরি করতে হলে বিদ্যমান পরিস্থিতি থেকে উত্তরণের জন্য সরকারকে দ্রুত ও কার্যকর পদক্ষেপ নিতে হবে।